চিরপ্রতিদ্বন্দ্বী মিলানকে হারিয়ে শিরোপা জিতলো ইন্টার

শিরোপা উৎসবের জন্য সবরকম প্রস্তুতি নিয়েই চিরপ্রতিদ্বন্দ্বী এসি মিলানের বিপক্ষে মাঠে নেমেছিল ইন্টার মিলান। মর্যাদার মিলান ডার্বিতে ২-১ গোলের জয় পেয়েছে ইন্টার। এতেই পাঁচ ম্যাচ হাতে রেখে ইতালিয়ান সিরি আ শিরোপা নিজেদের করে নিয়েছে ইন্টার মিলান। এটি ইন্টারের ২০তম সিরি আ শিরোপা।

ম্যাচের শুরু থেকেই দাপট দেখিয়েছে ইন্টার মিলান। আর তাই গোলের দেখা পেতেও খুব বেশি অপেক্ষা করতে হয়নি। ম্যাচের ১৮ মিনিটে কর্নার থেকে পাওয়া বলে হেড করে বল জালে জড়ান এসি মিলানেরই সাবেক তারকা ফ্রান্সিসকো এসেরবি।

তার গোলেই ম্যাচে লিড নেয় ইন্টার মিলান। এরপরও বেশ কিছু আক্রমণ করে ইন্টার। তবে গোল করতে ব্যর্থ হয় তারা। শেষ পর্যন্ত ১-০ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় ইন্টার মিলান।

বিরতি থেকে ফিরেই আবারও গোলের দেখা পায় ইন্টার। ম্যাচের ৪৯ মিনিটে ডি বক্সের বাইরে থেকে দর্শনীয় এক গোল করেন মার্কাস থুরাম। তার গোলে ব্যবধান দ্বিগুণ করে ইন্টার। এরপর ম্যাচের ৮০ মিনিট গোলের দেখা পায় এসি মিলান। ফুকায়ো তোমোরি গোল করে ব্যবধান কমান।

তবে শেষ পর্যন্ত ২-১ গোলের জয়ে শিরোপা উৎসবে মাতে ইন্টার মিলান। ৩৩ ম্যাচে ইন্টারের পয়েন্ট ৮৬। সমান ম্যাচে দুইয়ে থাকা এসি মিলানের পয়েন্ট ৬৯। পরের পাঁচ ম্যাচ জিতলেও এসি মিলানের পয়েন্ট হবে ৮৪। ইন্টারকে টপকে যাওয়ার আর কোনো সম্ভাবনা নেই এসি মিলানের।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেসি ম্যাজিকে মায়ামির জয়

মেজর লিগ সকারে (এমএলএস) জয়ের দেখা পেয়েছে ইন্টার মায়ামি। দলের সবচেয়ে বড় তারকা লিওনেল মেসির জোড়া গোলে নাশভিলের বিপক্ষে ৩-১ গোলের ব্যবধানে জয় পায় মায়ামি।

রোববার (২১ এপ্রিল) বাংলাদেশ সময় ভোর সাড়ে ৫টায় নাশভিলের বিপক্ষে মাঠে নামে মেসির মায়ামি। ম্যাচের দ্বিতীয় মিনিটেই আত্মঘাতি গোলে পিছিয়ে পড়ে মায়ামি। এরপর ১১ মিনিটে গোল করে গোল করে দলকে সমতা এনে দেন মেসি।

এরপর প্রথমার্ধের শেষ দিকে কর্নার পায় মায়ামি। মেসির নেওয়া কর্নার কিক থেকে মাথার আলতো ছোয়াঁয় বল জালে জড়ান সার্জিও বুসকেটস। তার করা গোলে ২-১ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় মায়ামি।

বিরতি থেকে ফিরেও আক্রমণাত্নক ফুটবল খেলতে থাকে মায়ামি। ম্যাচের ৮১ মিনিটে ন্যাশভিলের বক্সে ফাউলের শিকার হন মায়ামি ফুটবলার, এতে পেনাল্টির বাঁশি বাজান রেফারি। স্পট কিক থেকে নিজের জোড়া গোলের দেখা পান মেসি। শেষ পর্যন্ত তার জোড়া গোলে ৩-১ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে মায়ামি।

সূত্র: ইত্তেফাক

সেমিফাইনালে নিষিদ্ধ মার্টিনেজ

অ্যাস্টন ভিলাকে উয়েফা ইউরোপা কনফারেন্স লিগে সেমিফাইনালে তোলার নায়ক ছিলেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ। লিলের বিপক্ষে কোয়ার্টার ফাইনালে দুটি পেনাল্টি ঠেকিয়ে দলকে জেতান তিনি।

তবে আগামী ২ মে গ্রিসের ক্লাব অলিম্পিয়াকোসের বিপক্ষে সেমিফাইনালের প্রথম লেগে খেলতে পারবেন না মার্টিনেজ। আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী এই গোলরক্ষককে এক ম্যাচের জন্য

নিষিদ্ধ করেছে উয়েফা। কারণ, কনফারেন্স লিগের কোয়ার্টার ফাইনালের দুই লেগ মিলিয়ে তিনটি হলুদ কার্ড দেখেছেন তিনি।

কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় লেগের ম্যাচে দুবার হলুদ কার্ড দেখেন মার্টিনেজ। প্রথমবার ম্যাচের ৩৯ তম মিনিটে তাকে হলুদ কার্ড দেন রেফারি। এরপর ম্যাচ ট্রাইব্রেকারে গড়ালে সেখানেও হলুদ কার্ড পান মার্টিনেজ।

সবমিলিয়ে মার্টিনেজ ম্যাচে দুটি হলুদ কার্ড দেখার পরও লাল কার্ড দেখাননি রেফারি। কারণ উয়েফার নিয়ম অনুযায়ী, ম্যাচের নিয়মিত সময়ে দেখা হলুদ কার্ড টাইব্রেকারের সময়ের দেখা হলুদ কার্ডের সঙ্গে যোগ হয় না। তবে এটা আবার সামগ্রিক কার্ড দেখার হিসেবে যোগ হয়। তাই লাল কার্ড না পেলেও, ঠিকই নিষেধাজ্ঞায় পড়েছেন।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে জাগো বাঙ্গালী ক্রিকেট টুর্নামেন্ট ২০২৪ শুভ উদ্বোধন

মেহেরপুরে জাগো বাঙ্গালী ক্রিকেট টুর্নামেন্ট ২০২৪ এর শুভ উদ্বোধন করা হয়েছে। বিজয়ী টাইগার একাদশ ও রানার্সআপ আমরা ১১ জন একাদশ।

জাগো বাঙ্গালী যুব সংগঠন মেহেরপুর এর আয়োজনে শুক্রবার (১৯ এপ্রিল) বিকেল ৩টার দিকে ছহিউদ্দিন ডিগ্রী কলেজ মাঠ প্রাঙ্গণে এ ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (অবসরপ্রাপ্ত) মোঃ গোলাম মোস্তফা মাস্টারের সভাপতিত্বে প্রধান অতিথি মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি তূর্য বিশ্বাস।

এছাড়াও এসময় এস এম আসাদুল হাবিব মিলন, তৌফিক আলম রেজওয়ান

হ্যাপি, লিজন বিশ্বাস, নামাতুল্লাহ নাটু,শ্রী দীপংকর সাহ দেবু প্রমুখ উপস্থিত ছিলেন।

প্যারিস অলিম্পিক গেমসের ক্ষণ গণনা শুরু

শুরু হয়ে গেছে অলিম্পিক গেমস-এর এবারের আসরের দামামা। দিন হিসেবে এবারের আসরের আর মাত্র বাকি ৯৯দিন। গতকাল মঙ্গলবার গ্রিসের প্রাচীন শহর অলিম্পিয়ায় এবারের আসরের আনুষ্ঠানিকভাবে প্রজ্জ্বলিত ভাবে দিন গণনা শুরু হয়েছে। সেখানে গতকাল থেকে এবারের আসরের ১০০ দিন গণনা শুরু হয়।

সবকিছু ঠিক থাকলে আগামী ২৬ জুলাই ফ্রান্সের সিন নদীর তীরে বসবে এ প্রতিযোগিতার ভিন্নধর্মী উদ্বোধনী অনুষ্ঠান। তবে ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাত্রঁদ্ধ জানিয়েছিলেন, নিরাপত্তাজনিত কারণে পরিবর্তন হতে পারে উদ্বোধনী অনুষ্ঠানের ভেন্যু পাশাপাশি দর্শকের উপস্থিতির সংখ্যাও কমিয়ে আনা হবে। আগে থেকেই জানা গিয়েছিল এবারের উদ্বোধনী অনুষ্ঠানে ৬০ হাজার দর্শক উপস্থিত থাকবে। সেই সঙ্গে বলা হয়েছে, এই অনুষ্ঠান দেখার জন্য বিনা মূল্য টিকিট পাবে অনেক দর্শক।

তবে নিরাপত্তার কথা মাথায় রেখে এবার সেই সিদ্ধান্ত থেকে সরে এসেছে আয়োজক দেশ ফ্রান্স। বাদ দেওয়া হয়েছে ফ্রি টিকিট দেওয়ার পরিকল্পনাও। সেই সঙ্গে উদ্বোধনী অনুষ্ঠানে ৬০ হাজার দর্শকের বদলে এই অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারবে মোট ৩০ হাজার দর্শক।

এছাড়াও প্যারিস অলিম্পিকের নিরাপত্তায় নিয়োজিত থাকবে ২০ হাজার সেনাসদস্য এবং ৪০ হাজার পুলিশ সদস্য। এবারের আসর আয়োজন করতে খরচ হবে মোচ ৯.৭ বিলিয়ন ডলার। যা ২০২১ টোকিও অলিম্পিক, ২০১৬ রিও অলিম্পিক ও ২০১২ সালের লন্ডন অলিম্পিকের চেয়ে কম।

এ বিষয়ে গতকাল একটি সংবাদ সম্মেলনে প্যারিস অলিম্পিকের প্রধান সংগঠক টনি এস্টানগুয়েট বলেন, ‘আমরা আমাদের সর্বোচ্চটা দিয়ে

জমকালো একটি অনুষ্ঠান সফলভাবে আয়োজন করতে যাচ্ছি। আমরা সবাই জানি যে, এই ধরনের বড় ইভেন্টের আগে, সবসময় অনেক প্রশ্ন থাকে, অনেক উদ্বেগ থাকে। আমাদের দেশের জন্য এই ইভেন্টটি আয়োজন করার। বিশ্বকে স্বাগত জানানোর জন্য এবং ফ্রান্স কী করতে যাচ্ছে সেটা প্রদর্শন করার জন্য এটি একটি দুর্দান্ত সুযোগ।’

শিরোপা জয়ে এগিয়ে মোহামেডান

প্রিমিয়ার ডিভিশন হকি লিগে জয় পেয়েছে মোহামেডান স্পোর্টিং ক্লাব। গতকাল মওলানা ভাসানী জাতীয় হকি স্টেডিয়ামে অনুষ্ঠিত দিনের একমাত্র খেলায় হাড্ডাহাড্ডি লড়াইয়ে ঊষা ক্রীড়া চক্রকে ৬-৫ গোলের ব্যবধানে হারিয়ে জয়ের আনন্দে মাঠ ছাড়ে সাদা-কালোরা।

মোহামেডানের মালয়েশিয়ান রিক্রুট ফাইজাল বিন সারির হ্যাটট্রিকে এ জয় তুলে নেয় তারা। এছাড়া জয়ী দলের আল নাহিয়ান শুভ, দ্বীন ইসলাম ইমন ও আরেক মালয়েশিয়ান ফিতরি বিন সারি একটি করে গোল করেন। ঊষার ভারতীয় রিক্রুট ইশরাত ইকতিদার জোড়া গোল এবং আরশাদ হোসেন, রাজু আহমেদ তপু এবং ভারতের মোহাম্মাদ শারিক একটি করে গোল করেন।

এদিকে এই জয়ে শিরোপা জয়ের পথে অনেকটাই এগিয়ে রইল মোহামেডান। ১৪ খেলায় ৩৫ পয়েন্ট দলটির। সমান সংখ্যক ম্যাচে ঊষার পয়েন্ট ২৮। দু’দলের আর একটি করে ম্যাচ বাকি। মোহামেডানের এখন দরকার আর একটি জয়। সেই ম্যাচটি আগামী ১৯ এপ্রিল আবাহনীর বিপক্ষে। ঐ ম্যাচে মোহামেডান জিতলেই যেমন চ্যাম্পিয়ন।
সূত্র: ইত্তেফাক

লিভারপুল ও আর্সেনালের হারে ম্যানসিটির রাস্তা পরিষ্কার

ইংলিশ প্রিমিয়ার লিগের শিরোপা নিয়ে কত জল্পনা-কল্পনা! একদিকে লিভারপুলের একচ্ছত্র আধিপত্য, অন্যদিকে আর্সেনাল ও ম্যানচেস্টার সিটির হার না মানা লড়াই। কে শেষ পর্যন্ত এগিয়ে যাবে? এই প্রশ্নের উত্তর খুঁজতে ভক্তদের বেশি সময় অপেক্ষা করতে হয়নি।

সবকিছু যেন এক রাতেই পরিষ্কার হয়ে গেছে। গত পরশু রাতে পৃথক ম্যাচে লিভারপুল ও আর্সেনাল হেরে ম্যানসিটির বুকের ওপর থেকে যেন পাথর নামিয়ে দিয়েছে। ৬ ম্যাচ হাতে থাকতেই পেপ গার্দিওলার শিষ্যরা টানা চতুর্থ শিরোপার স্বপ্ন দেখা শুরু করে দিয়েছে।

বর্তমানে টেবিলের শীর্ষে রয়েছে সিটিজেনরা। ৩২ ম্যাচ শেষে ৭৩ পয়েন্ট নিয়ে সিটিজেনরা অপেক্ষা করছে বাকি ম্যাচগুলোর। অন্যদিকে সমান সংখ্যক ম্যাচ খেলে আর্সেনালের ও লিভারপুলের পয়েন্ট ৭১। গোল ব্যবধানে পিছিয়ে তিনে রয়েছে ইয়ুর্গেন ক্লপের দল।

১-০ গোলে হেরে তীরে এসেও তরী ডুবিয়েছে লিভারপুল। আর অ্যাস্টন ভিলার বিপক্ষে ২-০ গোলে হেরে রেস থেকে অনেকটাই ছিটকে গেছে মিকেল আরতেতার দলও।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদা লোকনাথপুর প্রিমিয়ার লীগ ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা

অনুষ্ঠিত

“খেলবে তরুণ জিতবে দেশ, মাদক মুক্ত আগামীর বাংলাদেশ ” এই প্রতিপাদ্য নিয়ে দামুড়হুদা উপজেলার লোকনাথপুর জাগরণী সংসদ ক্লাবের আয়োজনে লোকনাথপুর প্রিমিয়ার লীগ (এলপিএল) ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকাল ৪টার দিকে লোকনাথপুর হেলিপোর্ট মাঠে এ টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

প্রিমিয়ার লীগ ক্রিকেট টুর্নামেন্টের প্রধান সমন্বয় জিল্লুর রহমান খোকন বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু। এ সময় প্রধান অতিথি’ আলী মুনছুর বাবু বলেন, খেলাধুলা শরীর স্বাস্থ্য মন সবকিছুই ভালো রাখে, সবচেয়ে বড় কথা খেলাধুলা করলে মাদক থেকে দূরে থাকা যায়। এ সময় তিনি সকল অভিভাবককে তাদের সন্তানদেরকে খেলাধুলা করার জন্য মাঠে পাঠানোর আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মোহাম্মদ ইয়ামিন, দামুড়হুদা মডেল থানার এসআই মহিবুল, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, দামুড়হুদা মডেল মসজিদের পেশ ইমাম হাফেজ মাও মামুনুর রশীদ, ওর্য়াড আওয়ামী লীগের সভাপতি মহিদুল হক সেন্টু, ওর্য়াড আওয়ামী লীগের সভাপতি আব্দুল রহমান, হাউলি ইউনিয়ন পরিষদের সদস্য রিকাত আলি, সম্পান শাহ, হাসান শাহ, রাসেল শাহ,হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, লোকনাথপুর জাগরণী সংসদ এর সভাপতি নাহিদুল ইসলাম অনিক বিশ্বাস, সাধারণ সম্পাদক মিঠুন হোসেন, প্রমূখ।

ফাইনাল ক্রিকেট খেলায় যে দুটি দল অংশ গ্রহণ করেন তারা হলেন রাজ একাদশ ভেমরুল্লা বনাম উজ্জ্বল লাইব্রেরি দর্শনা। টসে জিতে প্রথমে রাজ একাদশ ব্যাট করার সিদ্ধান্ত নেন।প্রথমে ব্যাট করতে নেমে ১৬ ওভারে রাজ একাদশ ৪ উইকেটে ২৩৪ রান করে পরে ২৩৫ রানের টার্গেট নিয়ে উজ্জ্বল লাইব্রেরি ব্যাট করতে নেমে ১৬ ওভারে ৯ উইকেট হারিয়ে ১৮০ রান করতে সক্ষম হয়। ৫৪ রানে রাজ একাদশ চাম্পিয়ন হয়। খেলায় চাম্পিয়ান দলকে ১৫ হাজার টাকার প্রাইজ মানি ও চাম্পিয়ান ট্রফি প্রদান করা হয়। আর রানারআপ দলকে ১০ হাজার টাকা প্রাইজ মানি ও

রানার্সআপ ট্রফি প্রদান করা হয়। খেলাটি পরিচালনা করেন মো: হাসান ও জামাল উদ্দিন।

দুই বাংলায় মোহামেডানের বিশেষ একটি দিন

বাংলাদেশের ক্রীড়াঙ্গনে শুক্রবার দিনটি ছিল মোহামেডানের। ক্রিকেট, ফুটবল এবং হকিতে মোহামেডান জয় নিয়ে ঘরে ফিরেছিল। এই একই দিনে কলকাতার ফুটবলেও মহামেডানের ছিল স্মরণীয় দিন। শুক্রবার কলকাতার মহামেডান স্পোর্টিং ক্লাব আই লিগ চ্যাম্পিয়ন হয়েছে।

বহুল প্রতীক্ষিত ইন্ডিয়ান সুপার লিগে (আইএসএল) খেলার স্বপ্ন পূরণ হয়েছে। শিলং লাজংকে ২-১ গোলে হারিয়ে আই লিগে চ্যাম্পিয়ন হয় মহামেডান। এবার ইস্ট বেঙ্গল ক্লাব এবং মোহন বাগানের সঙ্গে শতাব্দীপ্রচীন ক্লাব মহামেডানও খেলবে ভারতীয় ফুটবলের সবচেয়ে বড় আসর আইএসএলে।

কলকাতার ফুটবলে ইস্ট বেঙ্গল এবং মোহন বাগান যেভাবে দাপট দেখিয়ে লড়াই করে যাচ্ছিল সেই স্রোতে ছিল না মহামেডান। সাংগঠনিক সংকটে, নানা সমস্যায় জর্জরিত ছিল। এমনও হয়েছিল আই লিগ থেকেও নেমে গিয়েছিল। জাতীয় দল থেকেও মহামেডানের খেলোয়াড় সংখ্যা কমে গিয়েছিল।

আইএসএলে খেলার সুযোগ পেয়ে মহামেডান আবার জেগে উঠবে। মহামেডানের সাবেক গোলরক্ষক অতনু ভট্টাচার্য মনে করেন এটিকে দুর্দান্ত সাফল্য বললেও কম বলা হবে। আমি বলব ইস্ট বেঙ্গল-মোহন বাগানের থেকেও মহামেডান স্পোর্টিংয়ের কৃতিত্ব অনেক বেশি। রীতিমতো লড়াই করে আইএসএল খেলার ছাড়পত্র পেল মহামেডান।

সূত্র: ইত্তেফাক